

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

২০২১-২২ অর্থবছরে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি
পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার
সভার তারিখ	:	২৬ ডিসেম্বর ২০২১
সভার সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	:	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিস কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-১

২০২১-২২ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত চতুর্থ সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য-সচিব মোছাম্মাৎ ফারহানা রহমান (উপসচিব) সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন। তিনি বলেন যে, একটি ডিজিটাল সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন-১ অধিশাখায় রিকুইজিশন প্রেরণ করা হয়েছে। সফটওয়্যারটি তৈরির কাজ প্রক্রিয়াধীন রয়েছে। চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ক এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাজেট অধিশাখায় পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।


০২। একটি উদ্ভাবনী সেবার অংশ হিসেবে এ বিভাগের করিডোরে CCTV ক্যামেরা স্থাপনের জন্য প্রশাসন-১ অধিশাখায় রিকুইজিশন প্রেরণ করা হয়েছে। একটি সেবা সহজিকরণের জন্য “অটোগ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন” সেবাটির উপর একটি প্রেজেন্টেশন গ্রহণ করা যেতে পারে। সভাপতি উক্ত কাজগুলো দ্রুততার সাথে করার জন্য নির্দেশনা প্রদান করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত বাস্তবায়নকারী
৩.১	আগামী ৩১ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৫ম সভা আয়োজন করতে হবে;	সদস্য-সচিব
৩.২	একটি ডিজিটাল সেবা হিসেবে স্টোর ম্যানেজমেন্ট সফটওয়্যারটির ডেমো ভার্সন চালু ও সরকারি অফিস আদেশ আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে জারি করতে হবে;	প্রশাসন-১ অধিশাখা
৩.৩	চতুর্থ শিল্প বিপ্লব চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে দ্বিতীয় কর্মশালা এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত দ্বিতীয় প্রশিক্ষণ (এক দিনের) আগামী ৩১ জানুয়ারি, ২০২২ তারিখের মধ্যে আয়োজন করতে হবে;	বাজেট অধিশাখা
৩.৪	একটি উদ্ভাবনী সেবা বাস্তবায়নের অংশ হিসেবে এ বিভাগের করিডোরে CCTV ক্যামেরা আগামী ১৬ মার্চ, ২০২২ তারিখের মধ্যে স্থাপন করতে হবে;	প্রশাসন-১ অধিশাখা
৩.৫	আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে একটি সেবা সহজিকরণের লক্ষ্যে “অটোগ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন” সেবাটির উপর একটি প্রেজেন্টেশন করতে হবে;	জনাব সুমন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা

২১

০৪। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.১৭৪

তারিখ: ১১ পৌষ, ১৪২৮
২৬ ডিসেম্বর, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। উপসচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ২। উপসচিব, উন্নয়ন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৪। উপসচিব, পরিকল্পনা-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৭। সহকারি মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৮। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের দপ্তর (প্রশাসন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৯। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ১০। জনাব সুমন মিয়া, প্রশাসনিক কর্মকর্তা, অপারেশন-২ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ [অটো গ্যাস স্টেশন স্থাপনের প্রাথমিক অনুমোদন" সেবাটির উপর একটি প্রেজেন্টেশন উপস্থাপনের অনুরোধসহ]


মোহাম্মাৎ ফারহানা রহমান
উপসচিব